



মাওলানা মান্নানের বিরুদ্ধে মাদ্রাসা শিক্ষকদের চাঁদাবাজির অভিযোগ

স্টাফ রিপোর্টার ॥ মৌলবাদী পত্রিকা দৈনিক ইনকিলাবের মালিক মাওলানা মান্নানের বিরুদ্ধে এবার চাঁদাবাজির অভিযোগ তুলেছেন খোদ মাদ্রাসার শিক্ষকরা। তারা বলছেন, আব্দুল লতিফ ও রুহুল আমীন নামের অন্য দুই মাওলানাকে দিয়ে মাওলানা মান্নান সারা দেশের মাদ্রাসাসমূহ থেকে প্রায় ৮ কোটি টাকা চাঁদা আদায়ের মিশনে নেমেছে। এই প্রতরণামূলক চাঁদাবাজির হাত থেকে নিরীহ মাদ্রাসা শিক্ষকদের রক্ষা করার জন্য তারা সরকারের প্রতি আহবান জানিয়েছেন। দেশের সকল মাদ্রাসা শিক্ষকের পক্ষ থেকে যশোর সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা হাবিবুল ইসলাম, খুলনা তেরখাদা মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা রফিকুল ইসলাম, ডেমরা সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা সিরাজুল ইসলাম এবং কেরানীগঞ্জ ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা শামসুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বর্তমান সরকার তার সদিচ্ছা অনুযায়ীই মাদ্রাসা শিক্ষা সংস্কার কমিটি গঠন করেছে বলে দেশের আলেম সমাজ মনে করে। কিন্তু কামিল তৃতীয় বিভাগ প্রাপ্ত অযোগ্য আব্দুল লতিফ ও রুহুল আমীন সুকৌশলে ওই কমিটিতে ঢুকে পড়েছে। এর পর তাদের দু'জনের স্বাক্ষরিত একটি চিঠি পাঠানো হয়েছে দেশের সকল বেসরকারী ও এবতেদায়ী মাদ্রাসায়। এতে তারা ৯ মার্চ ঢাকায় এক মহাসমাবেশ অনুষ্ঠানের কথা বলেছে এবং ওই সমাবেশের খরচ বাবদ চাঁদা চেয়েছে মোটা অঙ্কের চাঁদা।